



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

আইসিটি সিস্টেম সহায়তা শাখা

নং- ১৭.০০.০০০০.০৫৭.৪৩.০০৬.১৫-১৯

তারিখঃ ৪ ফাল্গুন ১৪২৬
১৭ ফেব্রুয়ারী ২০২০

প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ২০১০ ও ২০১১ সালে সংগৃহিত EVM (Electronic Voting Machine) অকার্যকরকরণের পরে বিনষ্টকৃত মালামাল নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যবসায়ীদের নিকট হতে শর্ত সাপেক্ষে নিলামে অংশ গ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	সর্বনিম্ন মূল্য (ভ্যাট, ট্যাক্স সহ)
১	লোহা (বিনষ্টকৃত ব্যালট ইউনিট, কন্টোল ইউনিট, ডি-টাইপ ব্যাটারি বক্স)	আনুমানিক ৬,১০০ (ছয় হাজার একশত) কেজি	৯১,৫০০.০০
২	কাগজ (বিনষ্টকৃত কাগজের বক্স)	আনুমানিক ১,৯০০ (এক হাজার নয়শত) কেজি	৯,৫০০.০০
৩	প্লাস্টিক (বিনষ্টকৃত মাদারবোর্ড, এলইডি ডিসপ্লে, প্লাস্টিক ডিসপ্লে, কি-বোর্ড, কেবল, স্মার্ট কার্ড, কার্ড রাইটার)	আনুমানিক ২,৩০০ (দুই হাজার তিনশত) কেজি	২৫,৩০০.০০
৪	ব্যাটারি (অকার্যকর সি-টাইপ, ডি-টাইপ ব্যাটারি)	আনুমানিক ১,০০০ (এক হাজার) টি	১,০০০.০০
সর্বমোটঃ (একলক্ষ সতাত্ত হাজার তিনশত)			১,২৭,৩০০/=

০২। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যবসায়ীদের আগামী ২৫/০২/২০২০ ইং তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় নির্বাচন কমিশন সচিবালয়ের ৭ম তলা, কক্ষ নং-৬১০ এ উপস্থিত হয়ে নিলামে অংশগ্রহণ করার জন্য আহ্বান করা হলো।

০৩। শর্তাবলী:-

ক) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যবসায়ীদের আগামী ২৫/২/২০২০ ইং তারিখ সকাল ১০:৩০ ঘটিকার পূর্বেই তাদের নাম/ঠিকানা মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার এর কক্ষে (কক্ষ নং-৬০৭) তালিকাভুক্তি করা সহ জামানত বাবদ নগদ =৫০০০/= (পাঁচ হাজার) টাকা অগ্রীম (ফেরতযোগ্য) প্রদান করতে হবে।

খ) নিলামের জন্য প্রস্তাবিত মালামাল উক্ত তারিখ অথবা তৎপূর্বে অফিস চলাকালীন সময় প্রদর্শনের ব্যবস্থা রাখা আছে।

গ) সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ব্যবসায়ী উক্ত মালামালসমূহের কার্যাদেশ প্রদানের ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যেই নির্বাচন কমিশন সচিবালয় হতে রক্ষিত অকেজো মালামাল ঠিকাদার কর্তৃক নিজ খরচে ডেলিভারি নিতে হবে। নির্ধারিত সময়ে সমুদয় অর্থ প্রদান করে মালামাল গ্রহণ করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

ঘ) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মোট বিক্রয়মূল্য এর উপর সরকারি বিধিমতে প্রযোজ্য ভ্যাট/ট্যাক্স প্রদান করতে হবে।

ঙ) উন্মুক্ত ডাকের মাধ্যমে অকেজো মালামালের মূল্য নির্ধারিত হবে। সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ব্যবসায়ীকে কার্যাদেশ প্রদান করা হবে।

চ) কোন কারণ দর্শানো ছাড়াই কার্যক্রম বাতিল করার ক্ষমতা নির্বাচন কমিশন সচিবালয় সংরক্ষণ করেন।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

ছ) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



মোঃ ইকবাল জাব্বীদ
মেনটেনেন্স ইঞ্জিনিয়ার

নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

ফোন-৫৫০০৭৬০৩

ই-মেইলঃ ikbal@ecs.gov.bd

সদয় অবগতির/কার্যার্থে অনুলিপি প্ররণ করা হলো:-

- ১। সহকারী প্রোগ্রামার জনাব আবু নাছের মোঃ মানছুর হেলাজ, (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইট প্রকাশের অনুরোধ করা হলো।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম ম্যানেজার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড, নির্বাচন কমিশন সচিবালয়।
- ৬। অফিস কপি।